

ভারতের ভাষা সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন তার সংক্ষিপ্ত আলোচনা করো এবং এই বিষয়ে তোমার নিজস্ব অভিমত দাও।

১২+৩

[অথবা], সোভিয়েত ইউনিয়নের বিস্ময়কর প্রগতির মূল পরিকল্পনা সূত্রগুলি নির্দেশ করো। প্রাথমিক ভাবে সেখানে সাফল্য এলেও কোন্ জায়গায় অন্ধ মেলেনি? কৃষির ক্ষেত্রে সেখানে প্রধান দুটি ভুল কী হয়েছিল বলে লেখক মনে করেন, তা বিশদভাবে বুঝিয়ে দাও।

৬+৪+৫

৫। (ক) “অন্ততঃ তিনটি প্রধান দিকে মানুষের মূল্যবোধ আজ নতুন”— কোন্ কোন্ দিকে, ব্যাখ্যা করো। প্রাচীন সাহিত্যের ‘মানবতাবোধের’ সঙ্গে আধুনিক সাহিত্যের ‘মানবতাবাদের’ প্রভেদ নির্দেশ করো।

৩+১২

[অথবা], ‘রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্র-অনুবর্তী কবিদের যে সংকটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসুর ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

১৫

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো :

২০

(ক) মধ্যযুগের বাংলা কাব্যে লোকায়ত জীবন (খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসে ইতিহাসের প্রয়োগ (গ) উনিশ শতকের সাময়িক পত্র (ঘ) রবীন্দ্রনাথের স্বাদেশিক চেতনা (ঙ) রবীন্দ্র-পরবর্তী বাংলা প্রবন্ধ-সাহিত্যের ধারা (চ) স্বাধীনতা-পরবর্তী বাংলা নাটক (ছ) কল্লোলযুগের সাহিত্য।

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র — ২০১০

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ ও ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) নাট্য-ব্যক্তিত্ব হিসেবে ভবভূতির প্রতিভার পরিচয় দাও। ১৫

(খ) শূদ্রকের নাটকগুলি সম্পর্কে আলোচনা করো। কালিদাস-পরবর্তী নাট্যকার হিসেবে তাঁর বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ১০+৫

(গ) দুটি কাব্য অবলম্বনে কালিদাসের কবি-প্রতিভার পরিচয় দাও। ১৫

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

(ক) বিক্রমোবশীয়ম (খ) কাদম্বরী (গ) গীতগোবিন্দম্ (ঘ) মালবিকাগ্নিমিত্রম্ (ঙ) অভিজ্ঞান শকুন্তলম্।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কমেডি রচয়িতা হিসেবে নাট্যকার শেক্সপীয়রের বৈশিষ্ট্য তাঁর রচিত বিভিন্ন কমেডি অবলম্বনে আলোচনা করো। ১৫

(খ) রোমান্টিক কবি কীটসের সংবেদনশীলতা ও কলাইনপুণ্যের পরিচয় দাও।
বাংলা কাব্যে কবি কীটসের প্রভাব কতখানি রয়েছে, আলোচনা করো। ১০+৫

(গ) স্কটের ঔপন্যাসিক প্রতিভার পরিচয় দাও। বাংলা সাহিত্যে স্কট-রচিত
উপন্যাসের স্বীকরণ কতখানি ঘটেছে তা দেখাও। ১০+৫

৪। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

অ্যাডোনেইস, দি ওয়েস্টল্যান্ড, অলিভার, টুইস্ট, আর্মস এ্যান্ড দি ম্যান,
চাইল্ড হ্যারল্ডস পিলগ্রিমেজ।

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ছোটগল্পকার হিসেবে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫

(খ) মহাদেবী বর্মার কাব্যগ্রন্থাবলী অবলম্বনে তাঁর কবি-বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা
কর। ১৫

(গ) ঔপন্যাসিক প্রেমচন্দ্রের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। বাংলা সাহিত্যে তাঁর
উপন্যাসের প্রভাব কতটা পড়েছে তা লেখো। ১০+৫

৬। যে-কোনো দুটি বিষয়ে সংক্ষেপে আলোচনা কর : ৫×২

(ক) সদৃশতা (খ) পার্টিকা ভূত (গ) বিধবা (ঘ) অতীত কে চলচিত্র (ঙ)
স্মৃতি কি রেখাঐ (চ) দুর্লভ বন্ধু।

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “কাব্যের ধ্বনি হচ্ছে রসের ধ্বনি”— ধ্বনি কী? কাব্যতাত্ত্বিকেরা কীভাবে
‘ধ্বনি’র ব্যাখ্যা দিয়েছেন? ৫+১০

(খ) ‘এক রস অন্য রসের ব্যাভিচারীর কাজ করে।’ কীভাবে একটি রস অন্য
রসের ব্যাভিচারী হয়, আলোচনা করো। ১৫

(গ) “রস ও কাব্যের জগৎ অলৌকিক মায়া’র জগৎ”— ব্যাখ্যা করো। ১৫

৮। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৫

(ক) অনুভাব (খ) রীতি।

৯। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) “সাহিত্যের বিষয় মানবহৃদয় ও মানবচরিত্র।”— কীভাবে সাহিত্যের
বিষয় মানব মন ও চরিত্রের যুগলবন্দী হয়ে ওঠে তা দেখাও। ১৫

(খ) “জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের
কারখানা — সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।”— কোন্ রচনার অন্তর্গত?
‘উপরের তলা’ থেকে ‘সাহিত্যের উৎপত্তি’ কীভাবে হয়ে থাকে বলে রবীন্দ্রনাথ মনে
করেছেন? ১+১৪

(গ) ‘তিনিই রস; এই রসকে পাইয়াই মানুষ আনন্দিত হয়’— প্রসঙ্গ নির্দেশসহ
বিষয়টি ব্যাখ্যা করো। ১৫